

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 19-11-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, ত্রিপুরার গ্রামীন অর্থ নীতির বিকাশে রাবার চাষের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।
- (২) রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ানদের বাস্তরিক পোশাক ভাতা বৃদ্ধির জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- (৩) আগামী দোসরা জানুয়ারী থেকে ১৩ দিনব্যাপী ৪৩তম আগরতলা বইমেলা হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণেই হবে।
- (৪) কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক আজ বিশ্ব শৌচাগার দিবস উপলক্ষ্যে "হামারা শৌচালয়: হামারা সম্মান" নামে তিনি সপ্তাহব্যাপী প্রচার অভিযান শুরু করেছে।
- (৫) সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপ থেকে মণিপুর চূড়ান্ত পর্বে খেলার যোগ্যতা অর্জন করেছে।

\*\*\*\*\*

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, ত্রিপুরার গ্রামীন অর্থ নীতির বিকাশে রাবার চাষের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি আজ আগরতলায় রাবার বোর্ডের অফিস পরিদর্শনকালে সাংবাদিকদের

একথা বলেন। তিনি বলেন, ভারতে রাবার উৎপাদনে কেরালার পরেই রয়েছে ত্রিপুরা। তিনি বলেন, রাবার চাষ ও প্রাকৃতিক রাবার উৎপাদন আরও বৃদ্ধি করার ব্যাপারে রাবার বোর্ডের গবেষক ও বিজ্ঞানীরা কাজ করছেন। ত্রিপুরায় রাবার চাষিরা গাছে রাবার ল্যাটেক্স উৎপন্ন হওয়ার আগে রাবার বাগানে অন্তর্বর্তীকালীন বিভিন্ন ফসল উৎপাদন করে লাভবান হতে পারেন। তাছাড়া রাবার উৎপাদনের সময়কাল ২৫ থেকে ৩৫ বছর পর সেই রাবার গাছের কাণ্ড থেকে বিভিন্ন আসবাব প্রস্তুত করা, রাবার গাছের গুঁড়ো, রাবার গাছের ফল ইত্যাদিকে আরও বেশি করে কাজে লাগানোর ব্যাপারেও বিজ্ঞানীরা কাজ করছেন উল্লেখ করেন রাজ্যপাল। রাজ্যপাল এর আগে রাবার বোর্ডের কর্মকর্তা ও কর্মীদের সঙ্গে বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন। তিনি ত্রিপুরায় রাবার চাষ পদ্ধতির প্রদর্শনী, ল্যাবরেটরি ঘুরে দেখেন। সঙ্গে ছিলেন রাবার বোর্ডের জয়েন্ট রাবার প্রোডাকশন কমিশনার শেলজা কে। রাবার বোর্ডের পক্ষ থেকে রাজ্যপালের কাছে এক উপস্থাপনায়, রাবার বোর্ডের ডেভেলপমেন্ট অফিসার অরুণাভ মজুমদার জানান, জলবায়ু ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষায়ও রাবার চাষ গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। তিনি বলেন, ত্রিপুরায় রাবার চাষে মহিলাদের অংশগ্রহণ উল্লেখযোগ্য। তিনি আরও জানান, ত্রিপুরায় রাবার চাষ জুমিয়া পরিবারের জীবন জীবিকার উন্নতি ঘটিয়েছে। জুমিয়া পরিবার বিভিন্ন রাবার চাষের মাধ্যমে মাসিক আয় বেড়ে হয়েছে ৬০ হাজার থেকে ৯০ হাজার টাকা। প্রত্যক্ষভাবে রোজগারের ব্যবস্থা হয়েছে ১০০০ জনের।

\*\*\*\*\*

### **Cabinet Meeting :**

রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ানদের বাংসরিক পোশাক ভাতা বৃদ্ধির জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠক শেষে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্য পুলিশের বাংসরিক পোশাক ভাতা ৭ হাজার ৫০০ টাকা থেকে বাড়িয়ে ৯ হাজার ৫০০ টাকা করা হয়েছে। রাজ্য পুলিশের মাসিক রেশনমানিও ১ হাজার টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করা হয়েছে। তাছাড়া মন্ত্রিসভার বৈঠকে টিএসআর

জওয়ানদের বাঃসরিক পোষাক ভাতা ১০ হাজার টাকা থেকে  
বাড়িয়ে ১২ হাজার টাকা ও মাসিক রেশনমানি ১ হাজার টাকা  
থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে তিনি জানান, বিদ্যালয় শিক্ষা দপ্তরের  
অধীনে ১২৫ জন শারীর শিক্ষক এবং যুব বিষয়ক ও ক্রীড়া  
দপ্তরের অধীনে ৭৫ জন জুনিয়র ফিজিক্যাল ইনস্ট্রাক্টর ও মৎস্য  
দপ্তরের অধীনে ৫৩ জন ফিসারি অফিসার নিয়োগ করার জন্য  
সিদ্ধান্ত আজ মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **43rd Agartala Book Fair :**

আগামী দোসরা জানুয়ারী থেকে ১৩ দিনব্যাপী ৪৩তম আগরতলা  
বইমেলা হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণেই হবে। আজ  
আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে বইমেলা পরিচালন কর্মিটির  
সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। এবারের বইমেলার থিম হবে বিশ্ব  
শান্তির উপর। বৈঠকে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের  
মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার ডেপুটি মেয়র মনিকা দাস  
দত্ত, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিস্বিসার ভট্টাচার্য ও  
বইমেলার পরিচালন কর্মিটির অন্যান্যরা।

\*\*\*\*\*

#### **Indira Gandhi :**

প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াতা ইন্দিরা গান্ধীর আজ জন্মদিন।  
লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ সম্বিধান সদনের সেন্ট্রাল  
হলে ইন্দিরা গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁকে  
শ্রদ্ধা জানান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও এক্স-এ এক বার্তায়  
প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে শ্রদ্ধা জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **Indira Gandhi Birth Anniversary :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত ইন্দিরা গান্ধীর জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় পালন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ, বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ জ্যোতির্ময় নাথ ও অন্যান্য নেতৃবৃন্দ। গান্ধীঘাটে গিয়ে নেতৃবৃন্দ ইন্দিরা গান্ধীর শহীদ বেদীতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

উনকোটি জেলা সদর কৈলাশহরেও ইন্দিরা গান্ধীর জন্মদিন যথাযথ মর্যাদায় পালন করা হয়। পাইতুরবাজারস্থিত ইন্দিরা গান্ধীর মর্মর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন বিধায়ক বীরজিৎ সিংহ, পি,সি,সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান ও অন্যান্য নেতৃবৃন্দ। এক সংহতি পদযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*

#### **Jawan-Death :**

জন্মু কাশ্মীরের সিয়াচেনের গেলেশিয়া এলাকায় গতকাল কর্তব্যরত অবস্থায় বরফ ধূস পড়ে মারা যান ভারতীয় সেনার আসাম রেজিমেন্টের জওয়ান রাজেয়ের বীর সন্তান শুভক্ষর ভৌমিক। পুলিশ সদর দপ্তর আজ জানিয়েছে, সিয়াচেনে গতকাল দুপুরে উদ্ধার কাজ করার সময় বরফ ধূস পড়ে তিনি মারা যান। নিহত সেনার বাড়ি অমরপুর মহকুমার বীরগঞ্জ পঞ্চায়েত এলাকায়। পুলিশ জানিয়েছে, আগামীকাল এই জওয়ানের মৃতদেহ রাজ্যে আনা হবে।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সামাজিক মাধ্যমে বীর জওয়ান শুভক্ষর সাহার মৃত্যুতে শোক প্রকাশ করে পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

\*\*\*\*\*

#### **TNGCL price :**

আগামীকাল থেকে রাজ্যে সিএনজি এবং পিএনজি গ্যাসের দাম বাড়ছে। ত্রিপুরার ন্যাচারাল গ্যাস কোম্পানি লিমিটেডের চিফ ম্যানেজার চন্দন চক্রবর্তী জানিয়েছেন, আগামীকাল থেকে পশ্চিম জেলায় প্রতি কেজি সিএনজির দাম ৭৫ টাকা ৪১ পয়সা থেকে বেড়ে হবে ৭৫ টাকা ৯১ পয়সা। অন্যান্য জেলায় সিএনজি দাম প্রতি কেজি ৭৯ টাকা ৯৯ পয়সা থেকে বেড়ে ৮০ টাকা ৪৯ পয়সা করা হয়েছে। তাছাড়া প্রতি কেজি পিএনজির দাম ৩৮ টাকা ৫৫ পয়সা থেকে ৩৯ টাকা ৫ পয়সা, পিএনজি বানিজ্যিক ও শিল্পক্ষেত্রের পশ্চিম জেলায় ৪৯ টাকা থেকে বেড়ে হবে ৪৯ টাকা ৫০ পয়সা।

\*\*\*\*\*

#### **World Toilet Day :**

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক আজ বিশ্ব শৌচাগার দিবস উপলক্ষ্যে "হামারা শৌচালয়: হামারা সম্মান" নামে তিন সপ্তাহব্যাপী প্রচার অভিযান শুরু করেছে। এই অভিযানের লক্ষ্য হল স্বাস্থ্যবিধি পরিকাঠামোর উন্নতি, আচরণের পরিবর্তনকে উৎসাহিত করা এবং সারা দেশে শৌচাগারগুলির কার্যকারিতা বৃদ্ধি করা ও রক্ষণাবেক্ষণ করা।

প্রচারাভিযানের সময় প্রতিযোগিতার আয়োজন করা হবে এবং নাগরিকদের সামাজিক মাধ্যমে তাদের স্বাস্থ্যবিধি সংক্রান্ত সাফল্যের কাহিনী শেয়ার করতে উৎসাহিত করা হবে। এই অভিযান আগামী মাসের ১০ তারিখে, জাতীয় মানবাধিকার দিবসে শেষ হবে।

\*\*\*\*\*

#### **Janajatiya Gourav Pakhwada :**

ভগবান বিরসা মুণ্ডার চিন্তাধারাকে স্মরণীয় করে রাখতে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে জনজাতি গৌরব পক্ষ পালন করা হচ্ছে। ভারতের সমৃদ্ধ আদিবাসী ঐতিহ্য এবং উপজাতীয় সম্প্রদায়ের অবদানকে

সম্মান জানাতে দেশব্যাপী এই উদয়াপন করা হচ্ছে। উল্লেখ্য, সরকার আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন ও উন্নতির জন্য বিভিন্ন প্রকল্প চালু করেছে।

\*\*\*\*\*

#### **S C Welfare Minister :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, এস.সি সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের প্রি-মেট্রিক স্কলারশিপের অর্থরাশি ৪০০ টাকা থেকে বাড়িয়ে ১০০০ টাকা করার চিন্তা ভাবনা করছে রাজ্য সরকার। আজ উনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলী জাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে সুবিধাভোগীদের বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। শ্রী দাস বলেন, রাজ্যে ডিম, দুধ ও মাছের উৎপাদন বাড়তে সরকার বহুমুখী উদ্যোগ নিয়েছে। পরিত্যক্ত জলাশয়গুলো চিহ্নিত করে এগুলি মাছ চাষের আওতায় আনা হবে। কৈলাশহরের সতেরো মিট্রো হাওরে ইন্টিগ্রেটেড একোয়া পার্ক গড়ে তুলতে কেন্দ্রীয় সরকার প্রাথমিকভাবে ৪৩ কোটি টাকা মণ্ডেজুরী দিয়েছে বলে তিনি জানান। অনুষ্ঠানে উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ ভাষন দেন। সুবিধাভোগীদের মাছধরার জাল, প্রাণীপালক সম্মান নিধির মণ্ডেজুরীকৃত অর্থের মণ্ডেজুরীপত্র সহ বিবিধ সামগ্রী প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Yuba Morcha :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ রাণীরবাজারে মজলিশপুর যুব মোচার কার্যকর্তাদের নিয়ে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে নমো যুব বাইক রেলির প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। উল্লেখ্য আগামীকাল থেকে এই রেলি শুরু হচ্ছে।

\*\*\*\*\*

### **Seminar :**

বিশ্ব শিশু নির্যাতন বিরোধী দিবস পালনের অঙ্গ হিসাবে এক সেমিনার আজ কৈলাশহরের বাবুরবাজারে অনুষ্ঠিত হয়। মানবসেবা সংস্থানের পৃষ্ঠ পোষকতায় এবং পুষ্পরাজ ক্লাবের ব্যবস্থাপনায় এই সেমিনারের আয়োজন করা হয়। বক্তব্য রাখেন, পুষ্পরাজ ক্লাবের সভাপতি মকবুল আলি, সম্পাদক ছুরুক আলি, পুষ্পরাজ একাডেমির অধ্যক্ষ মৌসুমী দে প্রমুখ।

\*\*\*\*\*

### **Heritage Fest :**

যুব বিকাশ কেন্দ্রের উদ্যোগে আগামী ২১শে নভেম্বর থেকে ৭ দিনব্যাপী হেরিটেজ ফেস্ট অনুষ্ঠিত হবে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে। আজ আগরতলা প্রেসক্লাবের সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন সংস্থার সভাপতি দেবাশীষ মজুমদার। দেশের ২৬টি রাজ্য থেকে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রায় ৪০০ ছাত্রছাত্রী এই উৎসবে অংশগ্রহণ করবেন।

\*\*\*\*\*

### **Training Camp Madhupur PHC :**

বিশালগড় মহকুমার মধুপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে সিপাহীজলা জেলার অন্তর্গত কমিউনিটি হেলথ অফিসার, ANM, নার্স, MPW ও ল্যাব টেকনিশিয়ানদের নিয়ে আজ এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ শিবিরে স্বাস্থ্য পরিষেবায় জাতীয় গুণমান নিশ্চিতকরণ কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ত্রিপুরা ইনসিটিউট অফ প্যারামেডিক্যাল সায়েন্স, কমিউনিটি হেলথ নার্সিং বিভাগ ও মধুপুর স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে রোগীর পরিচর্যা, আদর্শ মা ও শিশুর স্বাস্থ্য সহ মোট ৬টি বিষয়ের ওপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে এই প্রশিক্ষণ প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Mock Drill & Awareness Programme-South :**

দক্ষিণ জেলা বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষের উদ্যোগে আজ জেলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক পঞ্চায়েতের বলিনাথ দীঘিতে বন্যা ও অনান্য প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় একদিনের মহড়া ও সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। টিএসআর নবম বাহিনীর জওয়ানরা এবং সিভিল ডিফেন্স ও আপদা মিত্র স্বেচ্ছাসেবকরা বন্যার কবলে পড়া মানুষকে উদ্ধারের কলা - কৌশল প্রদর্শন করেন। এই কর্মসূচিতে শান্তিরবাজার মহকুমার ২০ জন সিভিল ডিফেন্স ও আপদা মিত্র স্বেচ্ছাসেবককে সংবর্ধনা প্রদান করা হয়। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক প্রদীপ কুমার, শান্তিরবাজারের মহকুমা শাসক মনোজ কান্তি সাহা, জেলা বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষের নোডাল অফিসার কৃষ্ণ প্রসাদ পাল প্রমুখ।

\*\*\*\*\*

### **Blood Donation :**

জাতীয় সেবা প্রকল্পের বিশেষ শিবির উপলক্ষে আজ আগরতলার স্থাচরন বিদ্যানিকেতনে মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। রক্তদান শিবিরে শিক্ষক-শিক্ষিকাদের পাশাপাশি স্কুলের ছাত্রীরাও রক্তদানে এগিয়ে আসেন। শিবিরে উপস্থিত ছিলেন কর্পোরেটের রঞ্জা দত্ত, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুব্রতা নন্দী গাঞ্জুলী ও বিদ্যালয় পরিচালনা কমিটির সচিব সুধীর চন্দ্র মজুমদার।

\*\*\*\*\*

### **Human Rights-North :**

ত্রিপুরা মানবধিকার কমিশনের উদ্যোগে এবং ত্রিপুরা দুঃসাহসিক সামাজিক অভিযান সংস্থার ব্যবস্থাপনায় আজ ধর্মনগরে মানবধিকার সুরক্ষা সম্পর্কিত এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়।

আলোচনাচক্রের বিষয় ছিল মানবধিকার সুরক্ষায় রাষ্ট্র এবং সমাজের দায়িত্ব ও কর্তব্য। ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতিভবনে আয়োজিত সেমিনারের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন।

আলোচনাচক্রে প্রধান বক্তা কমিশনের চেয়ারপার্সন প্রাক্তন বিচারপতি স্বপন চন্দ্র দাস বলেন, মানবধিকার হল মানুষের সেই সকল মৌলিক অধিকার যা মানুষের বেঁচে থাকার জন্য অপরিহার্য। মানবধিকার সুরক্ষায় সরকারি কর্মচারিদের ভূমিকা নিয়ে আলোচনা করেন কমিশনের সদস্য উদিত চৌধুরী। মানবধিকার সুরক্ষায় পুলিশের ভূমিকা নিয়ে আলোচনা করেন কমিশনের সদস্য বিমল কান্তি রায়। মানবধিকার কমিশন কি কি কাজ করছে মানবধিকার লঙ্ঘিত হলে কিভাবে কমিশনে অভিযোগ জানানো যাবে এই বিষয়ে অনুষ্ঠানে বিস্তারিত বক্তব্য রাখেন কমিশনের সচিব রতন বিশ্বাস।

\*\*\*\*\*

### **Santosh Trophy :**

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপ থেকে মণিপুর চূড়ান্ত পর্বে খেলার ঘোষ্যতা অর্জন করেছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে তৃতীয় তথা শেষ রাউন্ডের নির্ণয়ক খেলায় মণিপুর ২-০ গোলে স্বাগতিক ত্রিপুরাকে পরাজিত করে। ফলে তিনটি ম্যাচের সবকটিতে জয় পেয়ে মণিপুর চূড়ান্ত পর্বে খেলবে। ত্রিপুরা গ্রুপে দ্বিতীয় স্থান পায়। ম্যাচের শেষে সংক্ষিপ্ত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসার ডা মানিক সাহা উপস্থিত ছিলেন। এর আগে সকালে নিয়মরক্ষার খেলায় মিজোরাম ৭-০ গোলে সিকিমকে পরাজিত করে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*